

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৪৩—দশম জাতীয় সংসদের খুলনা-৪ আসনের সংসদ-সদস্য, সাবেক হইপ এবং খুলনা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব এস.এম. মোস্তফা রশিদী গত ২৬ জুলাই ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইমালিন্নাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

২। জনাব এস. এম. মোস্তফা রশিদীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৫ শ্রাবণ ১৪২৫/৩০ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৯৫০৩ )

মূল্য : টাকা ৪০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৫ শ্রাবণ ১৪২৫  
ঢাকা : ৩০ জুলাই ২০১৮

দশম জাতীয় সংসদের খুলনা-৪ আসনের সংসদ-সদস্য, সাবেক হইপ এবং খুলনা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব এস. এম. মোস্তফা রশিদী গত ২৬ জুলাই ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

জনাব এস. এম. মোস্তফা রশিদী ১৯৫৩ সালের ২ মার্চ বাগেরহাট জেলার ফকিরহাটে জন্মগ্রহণ করেন। তিনি ছাত্র ইউনিয়নে যোগদানের মাধ্যমে রাজনীতিতে সম্পৃক্ত হন। পরে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের অঙ্গসংগঠন যুবলীগে যোগদান করেন। ১৯৭৭ সালে তিনি খুলনা পৌরসভার কমিশনার নির্বাচিত হন।

জনাব এস.এম. মোস্তফা রশিদী খুলনা মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি হিসাবে দায়িত্ব পালনকালে ১৯৮৬ সালে জেলা আওয়ামী লীগের সঙ্গে যুক্ত হন। তিনি কেন্দ্রীয় আওয়ামী লীগের সদস্যও ছিলেন। তিনি তিনবার খুলনা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। মৃত্যুকালেও জনাব মোস্তফা রশিদী খুলনা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করছিলেন।

মরহুম এস. এম. মোস্তফা রশিদী ১৯৯১, ১৯৯৬ এবং ২০১৪ সালে তিনদফায় খুলনা-৪ আসন (রূপসা-তেরখাদা-দীঘলিয়া) হতে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়নে সংসদ-সদস্য নির্বাচিত হন। ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের সময়ে জাতীয় সংসদে সরকার দলীয় হইপ ছিলেন জনাব এস.এম. মোস্তফা রশিদী।

ব্যক্তিগতভাবে জনাব মোস্তফা রশিদী ছিলেন জনদরদী, অমায়িক ও বন্ধুবৎসল। জনহিতৈষী এ রাজনীতিবিদ তাঁর উদারতা ও পরোপকারিতার জন্য এলাকায় বিপুল জনপ্রিয়তা অর্জন করেন। এই ত্যাগী জনপ্রতিনিধি একাধারে ছিলেন ক্রীড়ানুরাগী ও সংস্কৃতিমনস্ক। তিনি খুলনা আবাহনী ক্রীড়াচক্রের অন্যতম প্রতিষ্ঠাতা। রাজনীতির পাশাপাশি তিনি খুলনা নাট্য নিকেতনের সভাপতির দায়িত্বও সাফল্যের সঙ্গে পালন করেন।

বিশিষ্ট এ নেতার অকালমৃত্যুতে দেশের রাজনৈতিক অঞ্জে সৃষ্টি হলো এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব এস. এম. মোস্তফা রশিদীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।